ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৬২৪
আগরতলা, ৮ মে, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'পুলিশকে ম্যানেজ করে বটতলায় মদ জুয়ার রমরমা' শিরোনামে রাষ্ট্রীয় কণ্ঠ পত্রিকায় ২৩ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটির প্রতি পুলিশ সদর কার্যালয়ের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। ত্রিপুরা পুলিশের অ্যাসিস্ট্যান্ট আইজি স্পষ্টিকরণে জানিয়েছেন, পশ্চিম জেলার পুলিশ সুপারের রিপোর্ট অনুসারে বটতলা টিওপি বেআইনী মদ বিক্রয় ও অসামাজিক কার্যকলাপ নিয়ন্ত্রণে কঠোর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। গত এক মাসে বেআইনী মদ বিক্রয়কারী/নিয়মিত মদ্যপায়ীদের বিরুদ্ধে এল ডি কোর্টে মোট ২১৩টি প্রোসেকিউশন রিপোর্ট (পি/আর) জমা পড়েছে। তাছাড়া টিওপির কর্মীরা জুয়ারি, নেশা কারবারিদের বিরুদ্ধে নিয়মিত ও তাৎক্ষণিক পদক্ষেপ নিচ্ছে। উল্লেখ্য, বটতলা বাজার এলাকায় ৩টি বিদেশী মদের দোকান রয়েছে। সেখানে ক্রেতাদের ভিড় দেখা যায়। সেকারণে ঐ এলাকাতেও ভিড় পরিলক্ষিত হয়। উল্লেখিত সংবাদটি তাই ভিত্তিহীন এবং উদ্দেশ্য প্রণোদিত।

******